"শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
## Bangladesh Power Development Board

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
☎ ঃ ৯৫৫৩১০১।

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৪৪.১৮৫.১৯-১৬৩ তারিখ ঃ ০৮-০৮-২০১৯ খ্রিঃ

### "দপ্তরাদেশ"

নিম্নে বর্ণিত প্রার্থীকে বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনস্কেলে এই আদেশে বর্নিত শর্তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে সরাসরি নিয়োগের কোটায় **"ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা"** পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁহার নামের পার্শ্বে উল্লেখিত দপ্তরে পদস্থ করা হইল: –

| ক্রঃ নং | নাম, পিতা ও মাতার নাম ও বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | পদস্থিত দপ্তর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | জনাব মুহাম্মদ আব্দুস সালাম<br>পিতা-মুহাম্মদ ফখরুল আলম<br>মাতা-গুলশান আক্তার<br>রুম নং-৩৭৬, জহুরুল হক হল<br>পোঃ জহুরুল হক হল, ঢাকা বিশ্ববিদ্যালয়<br>থানা-রমনা, জেলা-ঢাকা। | গ্রাম-কাঁশারা, ডাকঘর-পাইকপাড়া<br>থানা-ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর। | দোহাজারী-কালিয়াইশ ১০০মেঃওঃ পিকিং বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, চট্টগ্রাম। |

**নিয়োগের শর্তাবলী ঃ**

১। জাতীয় বেতন স্কেল'২০১৫,স্ব-শাসিত(Public Bodies)এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান সমূহ, আদেশের অনুচ্ছেদ-১১ এর বিধান মোতাবেক তাঁহার বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

২। তিনি ০২(দুই) বৎসর প্রবেশনার কর্মকর্তা হিসেবে থাকিবেন। প্রবেশনার কর্মকর্তা থাকাকালীন সন্তোষজনক চাকুরী, নির্ধারিত বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং পুলিশ কর্তৃক চরিত্র ও প্রাকপরিচয় এর সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে তাঁহাকে **"ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা"** এর নিয়মিত শূন্য পদে পরবর্তীতে বোর্ডের চাকুরীতে স্থায়ী (কনফার্ম) করা হইবে। প্রবেশনার কাল শেষে কোন আদেশ জারী না হইলে প্রবেশনার কাল বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তাঁহার চাকুরীতে স্থায়ী না হওয়া পর্যন্ত কোন বার্ষিক বেতনবৃদ্ধি প্রাপ্য হইবেন না।

৩। তাঁহার পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট, প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান সম্পর্কিত তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/অসত্য পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে তাঁহার নিয়োগ আদেশ বাতিল করা হইবে। [পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম ও জীবন বৃত্তান্ত ফরম বিউবো'র ওয়েবসাইটে (www.bpdb.gov.bd) পাওয়া যাইবে]

৪। প্রবেশনার কর্মকর্তা হিসেবে কর্মরত থাকাকালীন সময়ে তাঁহার কর্মদক্ষতা নির্ধারিত মানের চাইতে নিম্ন বলিয়া বিবেচিত হইলে কিংবা তিনি অফিস শৃংখলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হইলে বা তাঁহার সন্তোষজনক পুলিশী প্রতিবেদন না পাওয়া গেলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা হইবে।

৫। তাঁহাকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে কোন স্থানে বদলী করা যাইবে এবং তিনি বোর্ডের যে কোন দপ্তরে কাজ করিতে থাকিতে বাধ্য থাকিবেন।

৬। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৮২ কিংবা ইহার পরবর্তী সংশোধনী অনুযায়ী তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে।

৭। নিয়োগের তারিখে তাঁহার বয়স ৩০ (ত্রিশ)/মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে ৩২(বত্রিশ) বৎসর অতিক্রম করিলে সংশ্লিষ্ট প্রার্থীর অতিরিক্ত বয়স প্রমার্জিত বলিয়া গণ্য হইবে।

৮। এই আদেশ জারীর **২১ (একুশ)** দিনের **(২৯/০৮/২০১৯খ্রিঃ)** মধ্যে তাঁহাকে পদস্থিত দপ্তরে যোগদান করিতে হইবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হইলে তাঁহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। নিয়োগকৃত ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তার বুনিয়াদী প্রশিক্ষণ (Induction Training) এর বিষয়ে পরবর্তীতে পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা এই আদেশে বর্ণিত প্রার্থীদের যোগদানপত্র গ্রহণ করতঃ যোগদানপত্রের সহিত প্রার্থী কর্তৃক দাখিলকৃত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম, জীবন বৃত্তান্ত ফরমসহ আনুষঙ্গিক কাগজপত্র আগামী **১৫/০৯/২০১৯খ্রিঃ** তারিখের মধ্যে পরবর্তী কার্যক্রমের জন্য আবশ্যিকভাবে কর্মচারী পরিদপ্তরে প্রেরণ করিবেন।

চলমান-২

১১। পদস্থিত দপ্তরে যোগদানের জন্য তাঁহাকে কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হইবে না।

১২। নিম্ন লিখিত কাগজপত্র যোগদানপত্রের সহিত দাখিল করিতে হইবে; অন্যথায় তাঁহার যোগদানপত্র গ্রহণযোগ্য হইবে না:

(ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার/সিনিয়র মেডিক্যাল অফিসার/মেডিক্যাল অফিসার অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত কোন সরকারী মেডিক্যাল হইতে স্বাস্থ্যগত ও ডোপটেস্ট সনদপত্র;

(খ) বোর্ডের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত;

(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও মুক্তিযোদ্ধা সনদপত্র সমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত অনুলিপি;

(ঘ) পুলিশি তদন্তের জন্য নির্ধারিত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম যথাযথভাবে পূরণ করিয়া উহার সহিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র ও প্রার্থী কোন এলাকার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি ;

(ঙ) বর্তমানে কোন দপ্তর বা সংস্থায় কর্মরত থাকিলে সেই দপ্তর বা সংস্থা হইতে অব্যাহতি পত্র;

(চ) উল্লিখিত শর্তে চাকুরী করিতে সম্মত থাকিলে অঙ্গীকার নামার (এই নিয়োগপত্রের ১কপি) যথা স্থানে স্বাক্ষর করিয়া যোগদানপত্রের সহিত দাখিল করিতে হইবে।

উপর্যুক্ত শর্তে সম্মত হইয়া আমি......................................................
পিতা/স্বামীঃ.................................................................... বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে অস্থায়ী ভিত্তিতে ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা পদে অদ্য.....................................খ্রিষ্টাব্দ তারিখে যোগদান করিলাম।

স্বাক্ষর..................

বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(মোঃ মনজুর মোরশেদ)
পরিচিতি নং-২-০০৬৫
উপ-পরিচালক-৪
কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
☎ ঃ ৯৫৬৮৫২১(অ)

৩০-০৭-২০১৯ খ্রিঃ তারিখের ১৮১২-তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্তক্রমে

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৪৪.১৮৫.১৯-১৬৩

তারিখ ঃ ০৮-০৮-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

১। সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক(বাণিজ্যিক পরিচালন/প্রশিক্ষণ/প্রকল্প পরিচালক(প্রঃপ্রঃ)/প্রকল্প সমন্বয়কারী(প্রঃপ্রঃ)/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(অঃপ্রঃপ্রঃ) ................................................বিউবো....................।
২। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বিউবো, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। সিএসও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
৫। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ব্যবস্থাপক(তত্ত্বাঃপ্রঃ)/প্রকল্প পরিচালক(তত্ত্বাঃপ্রঃ)/প্রকল্প সমন্বয়কারী(তত্ত্বাঃপ্রঃ)/পরিচালক(তত্ত্বাঃপ্রঃ), ................................................ বিউবো, ...................................।
৭। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা **(এই নিয়োগাদেশটি বিউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল)।**
৮। অতিরিক্ত পরিচালক, কর্মচারী/চুক্তি ও উপদেষ্টা প্রশাসন, বিউবো, ঢাকা।
৯। উপ-সচিব, প্রশাসন/অর্থ/পিএন্ডডি/উৎপাদন/বিতরণ/কোম্পানী এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
১০। উপ-পরিচালক-...., কর্মচারী পরিদপ্তর/ট্রাষ্টি বোর্ড, বিউবো, ঢাকা।
১১। উপ-পরিচালক, কোয়াক, বিউবো, ঢাকা/আহিদ, বিউবো, ................................।
১২। সিনিয়র সহকারী পরিচালক-৯, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
১৩। জনাব .........................................................................।

০৮/৮/১৯

(মোঃ মিজানুর রহমান)
পরিচিতি নং-২-০২৬২
সহকারী পরিচালক-৬
কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
☎ ঃ ৯৫৬৬০৬১-৫/৩৪৭(অ)